15

দৈনিক ইনকিলাব

04 JAN 1997
12 2

# বাংলাদেশে ইংরেজী শিক্ষার বেহাল অবস্থা শীর্ষক কর্মশিবির অনুষ্ঠিত

স্টাফ রিপোর্টার ঃ মেট্রোপলিটন ল্যাংগুয়েজ ইনস্টিটিউটে গতকাল 'বাংলাদেশে ইংরেজী শিক্ষার বেহাল অবস্থা ঃ আমাদের কি করণীয়' শীর্ষক দিনব্যাপী এক কর্মশিবির অনুষ্ঠিত হয়। কর্মশিবিরটি উদ্বোধন করেন ব্রিটেনের কেমব্রীজ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পিটার মিচেল এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন এমএলআই-এর প্রতিষ্ঠাতা পরিচালক নূরুল করিম নাসিম। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর সৈয়দ আলী আশরাফ। আলোচনায় অংশ নেন মেডিক্যাল কলেজ উন্নয়ন প্রকল্পের পিডি অধ্যাপক মাজহারুল হক, ইংরেজী সংবাদ পাঠক মোঃ কামালুদ্দিন, ইউসিসের সেলিম শাহাবুদ্দিন, স্টুডেন্ট ফোরামের সাইফ আহমদ প্রমুখ। এ কর্মশিবিরে ইংরেজী ভাষার প্রশিক্ষকসহ বিভিন্ন শিক্ষাবিদ, পেশাজীবী ব্যক্তিবর্গ এবং প্রচুর ছাত্র-ছাত্রী অংশ নেয়।